

# সমকাল

## জাবিতে অছাইদের সাত দিনের মধ্যে হল ছাড়ার নির্দেশ

প্রকাশ: ০৮ মার্চ ২৩ | ১৩:৪৮ | আপডেট: ০৮ মার্চ ২৩ | ১৩:৪৮

### জাবি প্রতিনিধি



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) স্নাতকোত্তর পরীক্ষা শেষ করেও আবাসিক হলগুলোতে অবস্থানরত সকল শিক্ষার্থীকে আগামী ৭ দিনের মধ্যে হল ছাড়ার নির্দেশ দিয়েছে কর্তৃপক্ষ। নতুনা শিক্ষার্থীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার রহিমা কানিজ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, যে সকল ছাত্র-ছাত্রী স্নাতকোত্তর পরীক্ষা শেষ করেও নিয়মবিহীনভাবে হলে অবস্থান করছে তাদের সাত দিনের মধ্যে হল ছাড়ার নির্দেশ দেওয়া হলো। সাত দিনের মধ্যে হল না ছাড়লে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

এ বিষয়ে হল প্রতোষ্ট কমিটির সভাপতি অধ্যাপক নাজমুল হাসান তালুকদার বলেন, আমরা আবাসিক সংকট সমাধানের জন্য কাজ করছি। সেই লক্ষ্যে ইতোমধ্যে তিনটি কমিটি গঠন করা হয়েছে। এটা চ্যালেঞ্জিং কাজ। তবে সকল শিক্ষার্থীরা আমাদের সহযোগিতা করলে আমাদের জন্য সহজ হবে। আসলে নতুন নতুন হল হওয়ার পরেও যদি আসন সংকট থাকে তাইলে এটা আমাদের জন্য দুঃখজনক ব্যাপার।'

---

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : মোজাম্বেল হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: [samakalad@gmail.com](mailto:samakalad@gmail.com)